

## বাংলাদেশ কৃষি একাডেমি পুরস্কার পেলেন ড. জীবন কৃষ্ণ বিশ্বাস গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি একাডেমি পুরস্কারের স্বর্ণ পদক পেয়েছেন দেশের বিশিষ্ট কৃষি বিজ্ঞানী ড. জীবন কৃষ্ণ বিশ্বাস। ঢাকার ফার্মগেটে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর সম্মেলন বৃক্ষ শনিবার এক অনুষ্ঠানে বিএএজির পক্ষ থেকে তাকে এ পুরস্কারের স্বর্ণ পদক প্রদান করা হয়। ধান গবেষণা ও উন্নয়নের কাজে অসাধারণ অবদানের স্বীকৃতি হিসেবে তাকে এ সম্মাননা প্রদান করা হয়। স্বাধীনতা পদকপ্রাপ্ত কৃষি বিজ্ঞানী ড. কাজী এম বদরুদ্দোজার সভাপতিত্বে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সুপ্রিম সীড কোম্পানির চেয়ারম্যান মাসুম এবং বিশেষ অতিথি ছিলেন বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. আবুল কালাম আযাদ। ড. জীবন কৃষ্ণ বিশ্বাস বিগত ২০১৩ সালের ২৯ ডিসেম্বর বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট (ব্রি) এর মহাপরিচালক পদে দায়িত্ব গ্রহণ করেন।

Date: 29.05.2016

Page:

## স্বর্ণপদক পেলেন বিজ্ঞানী ড. জীবন কৃষ্ণ বিশ্বাস

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ২৮ মে ॥ বাংলাদেশ কৃষি একাডেমি (বিএএজি) স্বর্ণপদক পেয়েছেন বিশিষ্ট কৃষি বিজ্ঞানী ড. জীবন কৃষ্ণ বিশ্বাস। শনিবার ঢাকার ফার্মগেটে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিএএজির পক্ষ থেকে তাঁকে এ স্বর্ণপদক প্রদান করা হয়। ধান গবেষণা ও উন্নয়নের কাজে অসাধারণ অবদানের স্বীকৃতি হিসেবে তাকে এ সম্মাননা প্রদান করা হয়। স্বাধীনতা পদকপ্রাপ্ত প্রখ্যাত কৃষি বিজ্ঞানী ড. কাজী এম বদরুদ্দোজার সভাপতিত্বে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সুপ্রীম সীড কোম্পানির চেয়ারম্যান মাসুম এবং বিশেষ অতিথি ছিলেন বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. আবুল কালাম আযাদ।

উজ্জ্বলবাদ করা অয়োজন।

# কৃষিবিজ্ঞানী ড. জীবন কৃষ্ণ বিশ্বাস স্বর্ণপদক পেয়েছেন

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি একাডেমি স্বর্ণপদক পেয়েছেন বিশিষ্ট কৃষিবিজ্ঞানী ড. জীবন কৃষ্ণ বিশ্বাস। গতকাল ফার্মগেটের বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তাকে এ পদক প্রদান করা হয়। ধান গবেষণা ও উন্নয়নের কাজে অসাধারণ অবদানের স্বীকৃতি হিসেবে তাকে এ সম্মাননা প্রদান করা হয়। স্বাধীনতা পদকপ্রাপ্ত প্রখ্যাত কৃষিবিজ্ঞানী ড. কাজী এম বদরুদ্দোজার সভাপতিত্বে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন 'সুপ্রীম সীড' কোম্পানির চেয়ারম্যান মো. মাসুম এবং বিশেষ অতিথি ছিলেন বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. আবুল কালাম আহাদ।